

# জনসংযোগে ফুটবলই হাতিয়ার জিন্দালদের

নিজস্ব প্রতিনিধি, শালবনি: দীর্ঘদিন ধরেই জিন্দাল কর্তাদের সঙ্গে শালবনির জমিদারতাদের একটা দুরত্ব তৈরি হয়েছিল। ২০০৭ সাল থেকে দেওয়া প্রতিশ্রুতিমতো জমিদাররা চাকরি ও কারখানার শেয়ার না পেয়ে কর্তাদের ওপর ক্ষুব্ধ ছিলেন। সম্প্রতি সেই ক্ষোভ কমানোর জন্য আসরে নামলেন সজ্জন জিন্দালের পুত্র পার্থ জিন্দাল। আর তাতে ফুটবলকে অন্ত্র করলেন তিনি। শ্রমিক থেকে জমিদার সবাইকে নিয়ে ফুটবল খেললেন তিনি। এতে সাধারণ মানুষ বেশ খুশিই হয়েছেন।

প্রস্তাবিত সিমেন্ট কারখানা ক্যাম্পাসে পার্থ জিন্দাল বুধবারই জমিদারতাদের বলেছিলেন, সবাইকে নিয়ে ফুটবল খেলতে চান। নিজে বেঙ্গালুরু এফসির ফুটবল টিমের কর্তা থাকার ফলে, শতাধিক জমিদার বৃহস্পতিবার সকালে কারখানার ভেতরে প্রবেশের সুযোগ পান। কারখানা ক্যাম্পাসের মাঠেই শ্রমিক, কর্মচারী সহ জমিদারতাদের নিয়ে দু'টি টিম তৈরি করেন তিনি। ম্যাচটি শেষে ড্র হয়। তিনি প্রতিশ্রুতি দেন, এই এলাকা থেকে প্রতিভাধর ফুটবলার উঠে এলে তিনি তাকে বেঙ্গালুরুতে প্রশিক্ষণদের ব্যবস্থা করে দেবেন।